



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে অফিস সময়ের পরিবর্তন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ জানুয়ারি ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অফিস সময়ের পরিবর্তন করা হয়েছে। কোভিড-১৯ এর সংক্রমন আশঙ্কাজনক হারে বেড়ে যাওয়ায় ২৪ জানুয়ারি ২০২২ তারিখ দুপুর ১২ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানগণের মধ্যে এক জরুরি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের অফিস সময় পরিবর্তন করে ২৫ জানুয়ারি ২০২২ তারিখ থেকে ৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত সকাল ৯ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও গত ২২ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৩৮ তম সভায় যে সিদ্ধান্ত নেয়া হয়েছিলো তা যথারীতি বলবৎ থাকবে। যার মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস কার্যক্রম আগামী ৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত সশরীরে গ্রহণ বন্ধ থাকবে এবং উক্ত সময় পর্যন্ত ক্লাসসমূহ অনলাইনে অনুষ্ঠিত হবে। চলমান সকল সেমিস্টার/বর্ষভিত্তিক চূড়ান্ত পরীক্ষা প্রদত্ত রুটিন অনুযায়ী সশরীরে অনুষ্ঠিত হবে। মিডটার্ম পরীক্ষাসহ অন্যান্য অভ্যন্তরীণ মূল্যায়নের পরীক্ষাসমূহ ৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত অনলাইনে অনুষ্ঠিত হবে এবং উক্ত তারিখের পর থেকে এই পরীক্ষাসমূহ অনলাইনে বা সশরীরে গ্রহণের সিদ্ধান্ত বিভাগের ওপর ন্যস্ত থাকবে। ল্যাব-ক্লাস ও ল্যাব-পরীক্ষা সর্বোচ্চ ১০ জনের গ্রুপ করে পূর্ববৎ সশরীরে পরিচালনা করা যাবে। শিক্ষার্থী পরিবহনের বাসগুলো শুধু পরীক্ষার্থীদের পরিবহনের জন্য চালু থাকবে। শিক্ষার্থীদের জন্য আবাসিক হলগুলো খোলা থাকবে এবং হলের আবাসিক শিক্ষার্থীরা স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক হলে অবস্থান করতে পারবে। উপাচার্য মহোদয় এসময় সকলকে স্বাস্থ্যবিধি মানার জন্য বিশেষ ভাবে নির্দেশনা প্রদান করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)  
জনসংযোগ অফিস